


NYC-তে গাঁজা

নিউ ইয়র্ক স্টেটে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা (মারিজুয়ানা) বৈধ।



3 oz



24 g

21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের কাছে 3 আউন্স পর্যন্ত গাঁজার ফুল বা কুঁড়ি, বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা যেমন তেল বা ভ্যাপস থাকতে পারে এবং শেয়ার করতে পারে (কিন্তু বিক্রি নয়)।



নিউ ইয়র্কের চিকিৎসা সংক্রান্ত গাঁজা-সম্বন্ধীয় প্রোগ্রাম প্রসারিত করা হয়েছে। পরিবর্তন সম্পর্কে তথ্যের জন্য, cannabis.ny.gov/ medical-cannabis-এ যান।



21 বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্করা বেশিরভাগ জায়গায়, যেখানে তামাক ধূমপানের অনুমতি রয়েছে, সেখানে গাঁজার ধূমপান বা ভ্যাপস নিতে পারেন।



গাঁজা বিক্রি এখনও অনুমোদিত নয়। বৈধভাবে গাঁজা কেনা এবং চাষ করা সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য, cannabis.ny.gov-এ যান।

আরো নিরাপদ গাঁজার ব্যবহার



আপনি যদি গাঁজা ব্যবহার করেন তবে এর খুব দ্রুত অতিরিক্ত ব্যবহার করা এড়িয়ে চলুন - অল্প পরিমাণে শুরু করুন এবং ধীরে চলুন।

বিভিন্ন ধরনের গাঁজায় বিভিন্ন মাত্রার টেট্রাহাইড্রোক্যানাবিনল (Tetrahydrocannabinol, THC) থাকে, যা সাইকোট্রপিক পদার্থ যেটি আপনাকে নেশাগ্রস্ত বোধ করায়। এটি প্রভাবগুলিকে শক্তিশালী অনুভব করতে পারে বা এর দ্রুত সূচনা করতে পারে অথবা উভয়ই হতে পারে।

গাঁজার কিছু প্রকারের একটি বিলম্বিত প্রভাব থাকতে পারে। উদাহরণস্বরূপ, ভোজ্য জিনিসটির (গাঁজা-বিশিষ্ট খাবার) সম্পূর্ণ প্রভাব অনুভব করতে চার ঘন্টা পর্যন্ত সময় লাগতে পারে।



অ্যালকোহল সহ
অন্যান্য ড্রাগের সাথে
গাঁজা মেশানো এড়িয়ে
চলুন।



গাড়ি চালানোর আগে বা
গাড়ি চালানোর সময় গাঁজা
ব্যবহার করা এড়িয়ে চলুন।

গাঁজার প্রভাবে থাকাকালীন
গাড়ি চালানো নিরাপদ নয় এবং
বেআইনি। গাড়িতে, এমনকি পার্ক
করা অবস্থায় বা গাড়ির যাত্রী
হিসেবেও গাঁজা ব্যবহার করা
বেআইনি।



গাঁজা এবং গাঁজাজাত পণ্যগুলিকে
সুরক্ষিত রাখুন এবং শিশু ও
নবযুবকদের দৃষ্টি ও নাগালের
বাইরে রাখুন।

যদি কোনো শিশু গাঁজাজাত পণ্য খেয়ে বা
পান করে ফেলে, তাহলে 212-764-7667
নম্বরে NYC-এর পয়জন কন্ট্রোল সেন্টারে
কল করুন, যা 24/7 উপলব্ধ।



আপনি যদি পঁচিশ বছরের কম বয়সী হন, তাহলে
এই বিষয়ে সচেতন থাকুন যে গাঁজার ব্যবহার
আপনার জন্য স্বাস্থ্য-সম্পর্কিত ঝুঁকি বাড়ায়।

গাঁজা সেই সকল নবযুবকদের উপর গুরুতর প্রভাব
ফেলতে পারে যাদের মস্তিষ্কের এখনও বিকাশ ঘটছে।
নেতিবাচক প্রভাবগুলির মধ্যে চিন্তাভাবনা, শেখা এবং
সমস্যা সমাধান করতে অসুবিধা হওয়া; দুর্বল স্মৃতিশক্তি
বা মন সংযোগ; এবং সমন্বয় কমে যাওয়া অন্তর্ভুক্ত
থাকতে পারে।